গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি-১ শাখা

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের আগষ্ট ২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ২৩/০৮/২০২১ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | জুম অনলাইন প্লাটফরম |
| উপস্থিতি | ... |

জুম অনলাইন প্লাটফরমে সংযুক্ত সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের সদস্যগণ, সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়নে সম্পৃক্ত কর্মকর্তা এবং দপ্তর/সংস্থার এপিএ টিম লিডার/ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, ২০২১-২২ অর্থবছরের এপিএ'তে বর্ণিত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল অনুবিভাগ প্রধানগণকে সমন্বয়কারির দায়িত্ব পালনের জন্য এবং দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ বাস্তবায়নে/অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংস্থাপ্রধানগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া চলতি বছরে সুশাসন ও সংস্কারমূলক অন্যান্য কর্মপরিকল্পনা এপিএ'র অংশ হিসাবে অন্তর্ভুক্ত করায় এবং মন্ত্রণালয়/বিভাগের সার্বিক মূল্যায়ণ সম্মিলিত ভাবে সম্পন্ন হবে বিধায় সকল ফোকালপয়েন্ট কর্মকর্তাদের এপিএ বাস্তবায়ন সংক্রান্ত মাসিক সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। তিনি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্তকরণের লক্ষ্যে ১৮/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য সুরক্ষা সেবা বিভাগে আলাদা কোন শাখা/অধিশাখা না থাকায় এপিএ চুক্তিতে বর্ণিত বিভিন্ন শাখা/অধিশাখা/অনুবিভাগ/দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন তদারকি করা এবং প্রমাণকসহ অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ কাজ সমন্বয় করা একা ফোকাল পয়েন্ট কর্মকর্তার পক্ষে দুরুহ হয়ে পরে। এমনকি মাঝে মধ্যে নির্দিষ্ট সময়ের মধ্যে এপিএ সংক্রান্ত সকল কাজ তদারকি করা সম্ভব হয় না। অধিকন্তু ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ণ, বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ণের কাজ করতে হয়। ফলে এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করা দুসাধ্য হয়ে যায়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়নের নিমিত্ত শাখা/অধিশাখা/অনুবিভাগ/দপ্তর/সংস্থার মধ্যে সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ হতে তদারকি/সমন্বয় করা প্রয়োজন। এজন্য সুরক্ষা সেবা বিভাগের এপিএ তে অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ সঠিক ভাবে বাস্তবায়নের জন্য প্রতিটি অনুবিভাগ হতে একজন করে সমন্বয়কারী মনোনিত করা প্রয়োজন। এছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়নের জন্য একটি নিজস্ব সময়াবদ্ধ কর্মপরিকল্পনা থাকা প্রয়োজন। নিম্নে অনুবিভাগ ভিত্তিক কার্যক্রমসমূহের তালিকা, লক্ষ্যমাত্রা, বাস্তবায়নকারি, লক্ষ্য অর্জনে নিজস্ব সময়াবদ্ধ পরিকল্পনা উল্লেখ করা হলো:

৩.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নকারি | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | অনুবিভাগের সমন্বয়কারি |
|---|---|---|---|---|---|
| ১ | শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে প্রশিক্ষক/মেন্টর তৈরি | ১৩৬০জন | DNC | প্রতি কোয়াটারে এক চতুর্থাংশ | অনুবিভাগ প্রধান/অনুবিভাগ প্রধানকর্তৃক মনোনিত কর্মকর্তা |
| ২ | মাদক বিরোধী অভিযান কার্যক্রম পরিচালনা | ৭০০০০টি | DNC | ঐ | |
| ৩ | অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রদান | ৩১-০৫-২২ | DNC | ৩১/০৩/২০২২ | |
| ৪ | সরকারি/বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান | ৩০,০০০জন | DNC | প্রতি কোয়াটারে এক চতুর্থাংশ | |
| ৫ | এ্যানফোর্সমেন্ট কমিটির সভা আয়োজন | ৪টি | মাদক-১ শাখা | প্রতি কোয়াটারে ১টি | |
| ৬ | মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা আয়োজন | ৪টি | মাদক-১ শাখা | ঐ | |
| ৭ | জাতীয় মাদক বিরোধী কমিটির সভা আয়োজন | ২টি | মাদক-১ শাখা | প্রতি ছয়মাসে ১টি | |
| ৮ | আটককৃত ও জব্দকৃত বস্তু সংরক্ষণ ও নিষ্পত্তি বিধিমালা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ | ৩১-৫-২২ | মাদক-১ শাখা | ৩১/০৩/২০২২ | |
| ৯ | পরিচালিত মাদকবিরোধী অভিযান কার্যক্রম মূল্যায়ন | ১২টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | প্রতি কোয়াটারে কমপক্ষে ৩টি করে | |
| ১০ | সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ১২টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | ৩য় কোয়াটারের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে। | |
| ১১ | মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন | ৬০% | মাদক-১ শাখা | পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |

৩.২) অগ্নি অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নকারি | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | অনুবিভাগের সমন্বয়কারি |
|---|---|---|---|---|---|
| ১ | বস্তি/বহুতল ভবন/ শপিংমল/হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা | ৪০০০টি | FSCD | প্রতি কোয়াটারে এক চতুর্থাংশ | অনুবিভাগ প্রধান/অনুবিভাগ প্রধানকর্তৃক মনোনিত কর্মকর্তা |
| ২ | নির্দিষ্ট সময়ের মধ্যে ফায়ার লাইসেন্স/ফায়ার ছাড়পত্র প্রদান | ৭০% | FSCD | লক্ষ্যমাত্রা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |
| ৩ | বঙ্গবন্ধু ফায়ার একাডেমি স্থাপন প্রকল্পের জমি অধিগ্রহণ কার্যক্রম বাস্তবায়ন | ৭০% | FSCD | ঐ | |
| ৪ | ফায়ার ষ্টেশন স্থাপন এবং শ্রেণি উন্নিতকরণ সংক্রান্ত নীতিমালা চূড়ান্তকরণ | ৩১-০৫-২২ | অগ্নি-২ শাখা | ৩১/৩/২০২১ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা আয়োজন | ৬টি | এপিএ টিম | প্রতি দুই মাসে কমপক্ষে ১টি সভা করতে হবে। | |
| ৬ | বস্তি/বহুতল ভবন/ শপিংমল/ হাসপাতাল ও অন্যান্য স্থানে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ২০টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | প্রতি কোয়াটারে কমপক্ষে ৫টি করে | |
| ৭ | প্রদানকৃত অ্যাম্বুলেন্স সার্ভিস কার্যক্রম মূল্যায়ন | ৪টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | প্রতি কোয়াটারে কমপক্ষে ১টি করে | |
| ৮ | প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ৬টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | প্রতি কোয়াটারে কমপক্ষে ২টি করে | |
| ৯ | প্রদানকৃত ফায়ার লাইসেন্স/ফায়ার ছাড়পত্র প্রদান কার্যক্রম মূল্যায়ন | ১২টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | প্রতি কোয়াটারে কমপক্ষে ৩টি করে | |

**৩.৩) নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:**

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নকারি | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | অনুবিভাগের সমন্বয়কারি |
|---|---|---|---|---|---|
| ১ | বিদেশী নাগরিকবৃন্দের বাংলাদেশী ভিসা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ | ৬৫% | বহি:-২, ৫ শাখা | লক্ষ্যমাত্রা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | অনুবিভাগ প্রধান/অনুবিভাগ প্রধানকর্তৃক মনোনিত কর্মকর্তা |
| ২ | বিদেশী নাগরিকবৃন্দের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্রের আবেদন নিষ্পত্তিকরণ | ৬০% | নিরাপত্তা-২ শাখা | ঐ | |
| ৩ | প্রবাসী বাংলাদেশীগণের দ্বৈত নাগরিকত্বের আবেদন নিষ্পত্তিকরণ | ৬৫% | বহি:-৩ শাখা | ঐ | |
| ৪ | বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট ইস্যু কার্যক্রম চালুকরণ | ৫টি | PD, DIP | ডিসেম্বর ২০২১ এর মধ্যে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে | |
| ৫ | আওতাধীন অফিসসমূহে ই-পাসপোর্ট মোবাইল এনরোলমেন্ট ইউনিট সম্প্রসারণ | ৫টি | PD, DIP | ঐ | |
| ৬ | সেবা সহজিকরণের জন্য হেল্পলাইন চালুকরণের লক্ষ্যে কার্যাদেশ প্রদান | ১৬-০৫-২২ | DIP | ১৬/০৩/২০২২ এর মধ্যে নিশ্চিত করতে হবে | |
| ৭ | বিভিন্ন ইমিগ্রেশন চেক পোস্টে/বিমান বন্দরে ই-গেইট স্থাপন | ২১টি | PD, DIP | বাস্তবায়ন নিশ্চিত করতে হবে | |
| ৮ | বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ১২টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | প্রতি কোয়াটারে কমপক্ষে ৩টি | |

**৩.৪) কারা অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:**

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নকারি | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | অনুবিভাগের সমন্বয়কারি |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | কারাবন্দিদের পুনর্বাসনের জন্য বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ, উৎপাদন এবং লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ | ২৯টি কারাগার | কারা অধিদপ্তর | ডিসেম্বর ২০২১ এর মধ্যে নিশ্চিত করতে হবে | অনুবিভাগ প্রধান/অনুবিভাগ প্রধানকর্তৃক মনোনিত কর্মকর্তা |
| ২ | কারাবন্দীদের পিসি'তে অনলাইনে টাকা জমা প্রদানের কার্যক্রম চালুকরণ | ৪০টি কারাগার | কারা অধিদপ্তর | | |
| ৩ | কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | ১০টি কারাগার | কারা অধিদপ্তর | | |
| ৪ | কোভিড পরিস্থিতিতে কারাগারসমূহে কারারক্ষী ও কারাবন্দিদের জন্য আইসোলেশন সেন্টার স্থাপন | ৮টি কারাগার | কারা অধিদপ্তর | | |
| ৫ | মহিলা কারাবন্দিদের সাথে অবস্থানরত শিশুদের জন্য ডে কেয়ার স্থাপন | ১০টি কারাগার | কারা অধিদপ্তর | মার্চ ২০২২ এর মধ্যে নিশ্চিত করতে হবে | |
| ৬ | কারাবন্দিদের বাস্তবায়িত স্বজন লিংক প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণ | ১৩টি কারাগার | কারা অধিদপ্তর | | |
| ৭ | বন্দি ধারণ ক্ষমতা উন্নীতকরণ | ৪২৬০০জন | কারা অধিদপ্তর | | |
| ৮ | প্রকল্প/স্থানীয় ব্যবস্থাপনায় গৃহীত নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন কার্যক্রম সম্প্রসারণ | ৫০টি কারাগার | কারা অধিদপ্তর | | |
| ৯ | কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান প্রদানের লক্ষ্যে প্রদত্ত প্যারালিগ্যাল সার্ভিস কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ২০টি | সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা | প্রতি কোয়াটারে কমপক্ষে ৫টি | |

### ৩.৫) প্রশাসন ও অর্থ অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নকারি | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | অনুবিভাগের সমন্বয়কারি |
|---|---|---|---|---|---|
| ১ | সরকারি কর্মচারিদের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজন | ৬টি | প্রশাসন-১ শাখা | লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | অনুবিভাগ প্রধান/অনুবিভাগ প্রধানকর্তৃক মনোনিত কর্মকর্তা |

### ৩.৬) উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নকারি | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | অনুবিভাগের সমন্বয়কারি |
|---|---|---|---|---|---|
| ১ | ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন নির্মাণ | ৫টি (ক্রমপুঞ্জিত) | প্রকল্প পরিচালক | নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে | অনুবিভাগ প্রধান/অনুবিভাগ প্রধানকর্তৃক মনোনিত কর্মকর্তা |
| ২ | স্ট্রেংদেনিং এ্যাবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়ন | ৪৫% (ক্রমপুঞ্জিত) | প্রকল্প পরিচালক | | |
| ৩ | ১৬ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | ৭০% (ক্রমপুঞ্জিত) | প্রকল্প পরিচালক | | |
| ৪ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ শীর্ষক প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | ৬% (ক্রমপুঞ্জিত) | প্রকল্প পরিচালক | | |
| ৫ | কেন্দ্রীয় কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজ বাস্তবায়ন | ৭০% (ক্রমপুঞ্জিত) | প্রকল্প পরিচালক | | |
| ৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের জন্য ০৬টি বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে যাচাই বাছাই সম্পন্নকরণ | ১৫-০৫-২২ | উন্নয়ন অনুবিভাগ | ১৫/০৩/২২ এর মধ্যে নিশ্চিতকরতে হবে | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে যাচাই বাছাই সম্পন্নকরণ | ১৫-০৫-২২ | উন্নয়ন অনুবিভাগ | | |
| ৮ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ৭টি) শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে যাচাই-বাছাই সম্পন্নকরণ | ১৫-০৫-২২ | উন্নয়ন অনুবিভাগ | | |

০৪। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, বিগত ২০২০-২১ অর্থবছরের সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সকল প্রমাণকসহ এপিএএমএস সফটওয়্যার এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে মোট ৬৬টি কর্মসম্পাদক সূচক ছিল। এর মধ্যে ৫৬টি সূচক শতভাগ অর্জিত হয়েছে। ৬টি সূচকের লক্ষ্যমাত্রা অসাধারণ পর্যায়ে অর্জিত হয় নাই অর্থ্যাৎ আংশিক অর্জিত হয়েছে। এছাড়া ৪টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয় নাই। সার্বিক বিবেচনায় খসড়া ওয়েটেড স্কোর দাড়িয়েছে ৯৩.৮২ নম্বর। আংশিক অর্জিত সূচকসমূহ হচ্ছে : ২.৫.১ (ই-গেট স্থাপন-২১টি); ৪.২.১ (ফায়ার ষ্টেশন নির্মাণ- মোট ৬৫টি); ৪.২.২ (মর্ডাণ ফায়ার স্টেশন নির্মাণ-২টি); এম ২.১.১ (ই-নথিতে নোট নিষ্পত্তি-৬৫%); এম ৩.২.১ (এডিপি বাস্তবায়ন-৮৭.৮৬%) এবং এম ৩.৩.২ (আইএমইডি'র সুপারিশ বাস্তবায়ন-৮০%)। লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়া সূচকসমূহ হচ্ছে: ২.৬.৩ : ডিআইপি'র প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ ডিপিপি; ২.৬.৪: ই-ভিসা শীষক প্রকল্পের ডিপিপি; ৩.৩.২: মর্ডানাইজেশন অব ডিএনসি এর ডিপিপি; এবং ৪.৪.২: অগ্নি নির্বাপণ বিধিমালা।

০৫। দপ্তর/সংস্থা কর্তৃক এপিএএমএস সফটওয়্যার এর মাধ্যমে দাখিলকৃত ২০২০-২১ অর্থবছরের চূড়ান্ত অগ্রগতির প্রতিবেদন এবং অনলাইন ও অফলাইনে দাখিলকৃত সকল প্রমাণক পর্যালোচনা করে সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের সুপারিশের আলোকে মূল্যায়ণ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত ফলাফল নিম্নরুপ:-

৫.১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ক্ষেত্রে সার্বিক বিবেচনায় মোট ৪৩টি সূচকের মধ্যে সম্পূর্ণ অর্জিত হয়েছে ৩২টি, আংশিক অর্জিত ০৫টি এবং অর্জিত না হওয়া সূচক ০৬টি, সার্বিক স্কোর-৮২.৩৩।

<u>সম্পূর্ণ অর্জিত সুচকসমুহ</u>: [১.১.১], [১.২.১], [১.৩.১], [১.৪.১], [১.৮.১], [২.২.১], [২.৩.১], [২.৪.১], [২.৫.১], [৩.১.১], [৫.১.১], [৬.১.১], [৬.২.১], [৭.১.১], [৭.২.১], [৭.৩.১], [৭.৪.১], [৭.৫.১], [এম.১.১.১], [এম.১.১.২], [এম.১.২.১], [এম.১.৩.১], [এম.১.৪.১], [এম.১.৫.১], [এম.২.২.১], [এম.২.৩.১], [এম.২.৪.১], [এম.২.৪.২], [এম.২.৫.১], [এম.৩.১.১], [এম.৩.৩.১] এবং [এম.৩.৪.১];

<u>আংশিক অর্জিত সুচকসমুহ</u>: [২.১.১], [৩.২.১], [৪.১.১], [৪.২.১] এবং [এম.৩.২.১];

<u>অর্জিত না হওয়া সুচকসমুহ</u>: [১.৫.১], [১.৬.১], [১.৭.১], [৮.১.১], [এম.২.১.১] এবং [এম.৩.৩.২];

৫.২) মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষেত্রে সার্বিক বিবেচনায় মোট ৪৫টি সূচকের মধ্যে সম্পূর্ণ অর্জিত হয়েছে ৩৭টি, আংশিক অর্জিত হয়েছে ০৪টি এবং অর্জিত না হওয়া সূচক সংখ্যা ০৪টি, সার্বিক স্কোর- ৯০.৩৯।

<u>সম্পূর্ণ অর্জিত সুচকসমুহ</u>: [১.১.১], [১.১.২], [১.১.৩], [১.১.৪], [১.১.৫], [১.২.১], [১.২.২], [১.৩.১], [১.৩.২], [১.৪.১], [১.৪.২], [২.১.১], [২.১.২], [২.১.৩], [২.১.৪], [২.২.১], [৩.১.২], [৩.১.৩], [৪.১.১], [৪.২.১], [৪.২.৩], [৫.১.১], [৫.২.১], [এম.১.১.১], [এম.১.১.২], [এম.১.২.১], [এম.১.৩.১], [এম.১.৪.১], [এম.১.৫.১], [এম.২.২.১], [এম.২.৩.১], [এম.২.৪.১], [এম.২.৪.২], [এম.২.৫.১], [এম.৩.১.১], [এম.৩.৩.১] এবং [এম.৩.৪.১];

<u>আংশিক অর্জিত সুচকসমুহ</u>: [৩.১.১], [৩.১.৪], [এম.২.১.১], এবং [এম.৩.২.১];

<u>অর্জিত না হওয়া সুচকসমুহ</u>: [৪.২.২], [৪.২.৪], [৪.২.৫], এবং [এম.৩.৩.২];

৫.৩) কারা অধিদপ্তরের ক্ষেত্রে সার্বিক বিবেচনায় মোট ৪২টি সূচকের মধ্যে সম্পূর্ণ অর্জিত হয়েছে ৩৩টি, আংশিক

অর্জিত হয়েছে ০৪টি এবং অর্জিত না হওয়া সূচকের সংখ্যা ০৫টি, সার্বিক স্কোর-৮৮.৫০।

<u>সম্পূর্ণ অর্জিত সূচকসমূহ</u>: [১.১.১], [১.১.২], [১.২.১], [১.২.২], [১.৩.১], [১.৩.২], [১.৪.১], [১.৪.২], [১.৫.১], [২.১.১], [২.১.২], [২.১.৩], [২.১.৪], [২.১.৫], [২.১.৬], [২.১.৭], [৩.১.১], [৩.১.২], [৩.১.৩], [৩.১.৪], [৪.১.২], [৪.১.৩], [৪.১.৪], [৫.১.১], [এম.১.১.১], [এম.১.১.২], [এম.১.৩.১], [এম.১.৪.১], [এম.২.৪.১], [এম.২.৪.২], [এম.২.৫.১], [এম.৩.১.১] এবং [৩.৪.১]

<u>আংশিক অর্জিত সূচকসমূহ</u>: [১.২.১], [১.৫.১], [এম.২.১.১] এবং [এম.৩.২.১];

<u>অর্জিত না হওয়া সূচকসমূহ</u>: [৪.১.১], [এম. ২.২.১], [এম.২.৩.১], [৩.৩.১], এবং [এম.৩.৩.২];

(৫.৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ক্ষেত্রে সার্বিক বিবেচনায় মোট ৫০টি সূচকের মধ্যে সম্পূর্ণ অর্জিত হয়েছে ৩৯টি, আংশিক অর্জিত হয়েছে ০৯টি এবং অর্জিত না হওয়া সূচকের সংখ্যা ০২টি, সার্বিক স্কোর- ৯৪.৯৭।

<u>সম্পূর্ণ অর্জিত সূচকসমূহ</u>: [১.১.১], [১.৩.১], [২.১.১], [২.১.২], [২.১.৩], [২.১.৪], [২.১.৫], [২.২.১], [৩.১.১], [৩.১.২], [৩.১.৩], [৩.১.৪], [৩.১.৫], [৩.২.১], [৩.২.২], [৪.১.১], [৪.১.২], [৪.১.৩], [৪.১.৪], [৪.২.১], [৫.২.২], [৫.৩.১], [৫.৪.১], [৫.৫.১], [৬.২.১], [৬.৩.১], [এম.১.১.১], [এম.১.১.২], [এম.১.২.১], [এম.১.৩.১], [এম.১.৪.১], [এম.১.৫.১], [এম.২.২.১], [এম.২.৩.১], [এম.২.৪.১], [এম.২.৪.২], [এম.২.৫.১], [এম.৩.৩.১] এবং [এম.৩.৪.১];

<u>আংশিক অর্জিত সূচকসমূহ</u>: [১.২.১], [৫.১.১], [৫.২.১], [৫.৩.২], [৫.৭.১], [৬.১.১], [এম.২.১.১], [৩.১.১] এবং [এম.৩.২.১];

<u>অর্জিত না হওয়া সূচকসমূহ</u>: [৫.৬.১] এবং [এম.৩.৩.২];

০৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়-

৬.১। সুরক্ষা সেবা বিভাগের এপিএ'তে বর্ণিত দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নকৃত এবং অনুবিভাগ সম্পর্কিত কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে অনুবিভাগ প্রধানগণ অথবা তাঁর কর্তৃক মনোনিত প্রতিনিধি সমন্বয়কারি হিসেবে দায়িত্ব পালন করবেন;

৬.২। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানিয়ে পত্র প্রদান করতে হবে।

৬.৩। সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের সভায় অনুবিভাগের প্রতিনিধিগণকে সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকার অনুরোধ জানাতে হবে;

৬.৪। সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক জেলা পরিদর্শনের ক্ষেত্রে এপিএ'তে বর্ণিত আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ণ নিশ্চিত করতে হবে এবং প্রস্তুতকৃত প্রতিবেদনের একপ্রস্থ অনুলিপি এপিএ ফোকালপয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে; এবং

৬.৫। ২০২০-২১ অর্থবছরের দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত বার্ষিক অগ্রগতির প্রতিবেদন ও প্রমাণকের আলোকে প্রস্তুতকৃত চূড়ান্ত মূল্যায়িত ফলাফল দপ্তর/সংস্থাকে জানিয়ে পত্র প্রদান করতে হবে;

০৭। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মল্লিক সাঈদ মাহবুব
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.২১.৩২২

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৮
০৩ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ (অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে সভার সিদ্ধান্ত মোতাবেক একজন সমন্বয়কারি/তদারককারি মনোনয়নের অনুরোধসহ)
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
৩) যুগ্মসচিব, বহিরাগমন-১ অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৪) উপসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৫) উপসচিব, মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৬) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৭) উপসচিব, বাজেট-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৮) উপসচিব, কারা-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৯) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।



জাহিদুল ইসলাম
উপসচিব